
# পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরে পরিদর্শনকৃত প্রতিষ্ঠান সমূহের প্রতিবেদনের উপর

# গবেষণামূলক প্রতিবেদন-২০২৩




পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর

শিক্ষা মন্ত্রণালয়

শিক্ষা ভবন,  ২য় ব্লক, ২য় তলা, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।

www.dia.gov.bd ইমেইল: directordia81@gmail.com

**প্রকাশক** : পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়।

**প্রকাশকাল** ৩০ জুন ২০২৩ খ্রিঃ।

**নির্দেশনা** : প্রফেসর অলিউল্লাহ মোঃ আজমতগীর
পরিচালক
পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর

**সার্বিক তত্ত্বাবধান** : বিপুল চন্দ্র সরকার
যুগ্ম-পরিচালক
পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর

**সম্পাদনা** : ড. রেহেনা খাতুন, উপপরিচালক
মোহাম্মদ মনকিউল হাসানাত, শিক্ষা পরিদর্শক

**সহযোগিতা** : রেজিনা আখতার, উপপরিচালক
টুটুল কুমার নাগ, উপপরিচালক
আবুল কালাম আজাদ, উপপরিচালক
ইসমাইল খান, প্রশাসনিক কর্মকর্তা
আবুল কালাম আজাদ, সুপারিনটেনডেন্ট
মোঃ হেমায়েত হোসেন, সুপারিনটেনডেন্ট
মোঃ মোখলেসুর রহমান, সুপারিনটেনডেন্ট
পবনা বেগম, সুপারিনটেনডেন্ট
মোঃ রবিউল আওয়াল, সাটলিপিকার কাম কম্পিউটার অপারেটর
মোঃ আবু হেনা মোস্তফা কামাল, হিসাব সহকারী কাম ক্যাশিয়ার
মোঃ বদিউজ্জামান, অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটর

**প্রচ্ছদ** : ড. রেহেনা খাতুন

**স্বত্ব** : পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর

**মুদ্রণ** : পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর।

# মুখবন্ধ

বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্রে ‘জনগণের জন্য সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক সুবিচার নিশ্চিতকরণ এবং ‘জাতিসংঘের সনদ মেনে চলার’ প্রতিশ্রুতি  প্রদান করা হয়েছে। বর্তমান সরকার ২০০৯ সালে দায়িত্ব গ্রহণের পর থেকেই স্বাধীনতার ঘোষণাপত্র এবং জাতিসংঘ সনদের প্রতিশ্রুতি সামনে রেখে সুখী সমৃদ্ধ সোনার বাংলা গড়ার প্রত্যয়ে ন্যায়ভিত্তিক দুর্নীতিমুক্ত ও শুদ্ধাচারী রাষ্ট্র ও সমাজ প্রতিষ্ঠার নিমিত্ত ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। এ কৌশলের মূল  লক্ষ্য হল, শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা।

এ লক্ষ্য বাস্তবায়নে ২০১৮-১৯ অর্থবছরে প্রথমবার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় বিভিন্ন দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ে সম্পাদিত কাজের বিপরীতে নম্বর প্রদান ও মূল্যায়ন কার্যক্রম শুরু হয়।

২০২১-২২ অর্থবছরে মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নির্দেশক অনুসরণপূর্বক প্রতিটি দপ্তর/সংস্থার ন্যায় ডিআইএ নিজ কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০২১-২২) প্রণয়ন, বাস্তবায়ন ও মুল্যায়নে প্রয়োজনীয় সহায়তা প্রদান করেছে। এ  দপ্তরের কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহ বাস্তবায়ন মূল্যায়ন করা হয়েছে।

বর্তমান ২০২২-২০২৩ অর্থবছরের এ দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এবং শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধী সহায়ক অন্যান্য কার্যক্রমের আওতায় বিভিন্ন কার্যক্রম নির্ধারণ করা হয়েছে। এর  মধ্যে শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক একটি কার্যক্রম ছিল এ দপ্তর কর্তৃক ২০২১-২২ অর্থবছরে সম্পাদিত পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের ওপর ভিত্তি করে গবেষণামূলক একটি বার্ষিক প্রতিবেদন জুন, ২০২৩ খ্রিঃ এর মধ্যে প্রণয়ন।

প্রতিবেদনটি পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে মানসম্মত শিক্ষা প্রতিষ্ঠানে পরিণত হতে এবং গুণগত  মানসম্পন্ন শিক্ষা কার্যক্রম বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এ ছাড়া উপজেলা/জেলা/আঞ্চলিক/কেন্দ্রীয় পর্যায়ের কার্যালয়ের আর্থিক ব্যবস্থাপনা এবং শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধে নিজ নিজ করণীয় সম্পর্কে কার্যকর ভূমিকা পালনে সহায়ক হবে।

-----------------

# কৃতজ্ঞতা স্বীকার

পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক ২০২১-২২ অর্থবছরে পরিদর্শন প্রতিবেদন সমূহের ওপর গবেষণামূলক প্রতিবেদনটি প্রণয়ন করতে পেরে আমি/আমরা আনন্দিত।

প্রথমে আন্তরিক ধন্যবাদ ও গভীর কৃতজ্ঞতা জানাই মাননীয় শিক্ষা মন্ত্রী ডা. দীপুমনি এম.পি মহোদয়কে, শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল, সচিব, মাউশি বিভাগ, জনাব সোলেমান খান এবং সিনিয়র সচিব জনাব মোঃ কামাল হোসেন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগকে যাদের দিক নির্দেশনায় এ দপ্তর সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সক্ষম হয়েছে। ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই শিক্ষা মন্ত্রণালয়ের অডিট ও আইন উইং এর অতিরিক্ত সচিব, যুগ্ম সচিব, উপসচিব সহ সকল কর্মকর্তা/কর্মচারীদের তাদের ঐকান্তিক সহযোগিতায় আমাদের আজকের সফলতা।

ধন্যবাদ জানাই সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/গভর্নিং বডির সকল সদস্য, উপজেলা/জেলা শিক্ষা কর্মকর্তাগণকে যাদের সহযোগিতায় পরিদর্শন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা সম্ভব হয়েছে।

সাধুবাদ জানাই মাউশি/কারিগরী ও মাদ্রাসা অধিদপ্তরসহ সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থা প্রধানদের যাদের প্রত্যক্ষ/পরোক্ষ সহযোগিতা ব্যতীত ডিআইএ এ পরিদর্শন কাজ সম্পন্ন করা দুরূহ হতো।

ধন্যবাদ জানাই ডিআইএ পরিবারের সকল কর্মকর্তা কর্মচারীকে যাদের প্রতিনিয়ত অক্লান্ত পরিশ্রমের ফলে এ দপ্তর তার নিজস্ব দায়িত্ব/কর্তব্য পালন তথা মাসিক/বার্ষিক লক্ষ্য অর্জনে সক্ষম হয়েছে।

পরিশেষে, ধন্যবাদ জানাই শুদ্ধাচার কৌশল পরিকল্পনার দায়িত্বে যারা রয়েছেন বিশেষ করে নৈতিকতা কমিটির সদস্যগণসহ যে সকল কর্মকর্তা/কর্মচারী এ প্রতিবেদনটি প্রণয়নে শ্রম, মেধা, মনন ও সময় দিয়ে সহায়তা করেছেন।

সকলের সম্মিলিত প্রচেষ্টায় এই গবেষণামূলক বার্ষিক প্রতিবেদনটি অনন্য একটি প্রকাশনা হিসেবে বাস্তবরূপ পেতে যাচ্ছে তাই সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন, শুভেচ্ছা ও ধন্যবাদ।

--------------------

# সূচিপত্র


| শিরোনাম | পৃষ্ঠা নম্বর |
|---|---|
| মুখবন্ধ | i |
| কৃতজ্ঞতা স্বীকার | ii |
| পটভূমি | ১ |
| গবেষণা পদ্ধতি | ২-৩ |
| ফলাফল | ৪-১৩ |
| আলোচনা ও সুপারিশ | ১৪-১৬ |
| উপসংহার | ১৬ |
| গ্রন্থপুঞ্জি | ১৭ |
| পরিশিষ্ট | ১৮-১৬৪ |

# পটভূমি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন জনগুরুত্বপূর্ণ স্বতন্ত্র একটি অধিদপ্তর পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর। এ অধিদপ্তরের ভিশন ও মিশন-স্বচ্ছ ও জবাবদিহিমূলক মান সম্মত শিক্ষা প্রতিষ্ঠান নিশ্চিতকরণ এবং শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক, প্রশাসনিক, আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ দেশের শিক্ষা প্রতিষ্ঠান সমূহ পরিদর্শন ও নিরীক্ষার মাধ্যমে শিক্ষা ক্ষেত্রে স্বচ্ছতা জবাবদিহিতা নিশ্চিতকরণ, সরকারি নিয়ম-নীতি অনুসরণ, সরকারি অর্থের সদ্ব্যবহার এবং শিক্ষার গুণগতমান মানোন্নয়ন নিশ্চিতকরণের লক্ষ্যে এ দপ্তর বিগত ১৯৮০ খ্রিঃ থেকে দায়িত্ব পালন করছে। ১৯৮০ খ্রিঃ থেকে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় অনুরূপ বেতন-স্কেল চালুকরণের ফলে সরকারের শিক্ষা ক্ষেত্রে আর্থিক ব্যয় কয়েকগুণ বৃদ্ধি পায়। শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষক-কর্মচারীদের বিপরীতে বরাদ্দকৃত ব্যয়িত বিপুল অর্থের সরকার তথা শিক্ষা মন্ত্রণালয় প্রণীত বিধি-বিধান নীতিমালা অনুযায়ী হচ্ছে কিনা এবং শিক্ষা কাঙ্খিত লক্ষ্য/সফলতা অর্জন সম্ভব হচ্ছে কিনা ইত্যাদি বিষয়ে সুষ্ঠু তদারকির নিমিত্ত কাজী আনোয়ারুল হক কমিটি 'পরিদর্শন ও নিয়ন্ত্রণ পরিদপ্তর' প্রতিষ্ঠার সুপারিশ করেন। উক্ত সুপারিশের ভিত্তিতে ব্রিটেনের 'হার ম্যাজিস্ট্রেসি ইন্সপেক্টোরেট অব এডুকেশন' অনুকরণে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ০১/১০/১৯৮০ খ্রিঃ পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তর প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে সংস্থাপন মন্ত্রণালয়ের ২২/১১/১৯৮৬ খ্রিঃ এর স্মারক নং-সম(বাবাকো)-৬৬/৮৪-৪৪০(৪৫) মোতাবেক নামকরণ হয় 'পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর' যা শিক্ষা মন্ত্রণালয়ের একটি সংযুক্ত অধিদপ্তর। এ দপ্তর কর্তৃক বছরের শুরুতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠান (সাধারণ, কারিগরি ও মাদ্রাসা) পরিদর্শন ও নিরীক্ষার লক্ষ্যমাত্র নির্ধারণ করা হয় এবং সুপারিশসহ পরিদর্শন প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণের লক্ষ্যমাত্রাও নির্ধারণ করা হয়। সে মোতাবেক ২০২১-২০২২ অর্থবছরে এ দপ্তরের লক্ষ্যমাত্রা ছিল ২১০০ শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন নিরীক্ষা করণ এবং পরিদর্শিত প্রতিষ্ঠান সমূহের ২১০০ প্রতিবেদন মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানে প্রেরণ।

২০২১-২০২২ অর্থবছরের এপিএ এর লক্ষ্যমাত্রা দপ্তর কর্তৃক মোট ২১০৩ টি (১০০%) প্রতিষ্ঠানে পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রম পরিচালিত হয়। তন্মধ্যে মন্ত্রণালয়/বোর্ড/দুদক এর নির্দেশনা/অনুরোধে ৮৭টি তদন্ত কার্য পরিচালিত হয়। এপিএ এর লক্ষ্যমাত্রা মোতাবেক ১৮৯১ টি (৯০%) প্রতিবেদন মন্ত্রণালয়ে সুপারিশসহ প্রেরণ করা হয়। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় পরিদর্শন ও নিরীক্ষার পর্যবেক্ষণ, পর্যালোচনা ও ফিডব্যাক বা সুপারিশ সমন্বিত প্রতিবেদনের উপর ভিত্তি করে একটি বার্ষিক প্রতিবেদন প্রণয়নের উদ্দেশ্যেই আজকের এই প্রয়াস। এই বার্ষিক প্রতিবেদনটি শিক্ষা মন্ত্রণালয়, মাউশি/কারিগরী/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, সকল অঞ্চল/জেলা/উপজেলা শিক্ষা কার্যালয়সমূহ কর্তৃ প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে কার্যক্রম বাস্তবায়নের চিত্র উপস্থাপন করবে। ফলে সরকারি নিয়ম-নীতি, বিধি-বিধান মোতাবেক প্রতিটি প্রতিষ্ঠান কার্যালয়/দপ্তর/সংস্থা তথা শিক্ষা মন্ত্রণালয়ের পরবর্তী করণীয় কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়নে সহায়তা করবে।

দেশের সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ব্যয়িত অর্থের সুষ্ঠু ব্যবস্থাপনা, নিয়মনীতি, বিধি-বিধান এর সঠিক ও বাস্তবসম্মত প্রয়োগ এর মাধ্যমে শুদ্ধাচারের আলোকে মানসম্মত শিক্ষা প্রতিষ্ঠান ও গুণগত শিক্ষা নিশ্চিতকরণ সম্ভব হবে।

---------------

# গবেষণা পদ্ধিত

পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরটি শুরু থেকে অদ্যাবধি মোট ৫টি বিভাগে বিভক্ত যথা- প্রশাসন ও অর্থ এবং ঢাকা/ চট্টগ্রাম/খুলনা/রাজশাহী বিভাগীয় শাখা। দপ্তর প্রধান পরিচালক, এছাড়া রয়েছে একজন যুগ্ম পরিচালক, যিনি সকল শাখার প্রধান। ৪ জন উপপরিচালক, ৪ জন সুপারিনটেনডেন্ট ও একজন প্রশাসনিক কর্মকর্তা, ১২ জন শিক্ষা পরিদর্শক, ১২ জন সহকারী শিক্ষা পরিদর্শক, ৪ জন অডিট অফিসারসহ মোট ১৩০ জন কর্মকর্তা-কর্মচারী কর্মরত। একটি অর্থ বছরের শুরুতে উক্ত বছরের কার্যদিবস অনুযায়ী ৪টি বিভাগীয় শাখার আওতাধীন সাধারণ শিক্ষা (কলেজ, স্কুল ও স্কুল এন্ড কলেজ) এবং কারিগরী ও মাদ্রাসা শিক্ষার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনের লক্ষ্যমাত্রা নির্ধারণ পূর্বক শিক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সাথে এপিএ-এর আওতায় দপ্তর প্রধান এর একটি বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (APA) স্বাক্ষরিত হয়।

বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি মোতাবেক ৪টি শাখার লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিদর্শন ও নিরীক্ষা কার্য সূচি পরিকল্পনা (সরেজমিনে/অটোমেশন সফটওয়্যারের মাধ্যমে) করা হয়। বছরে অন্তঃত ২০টি ট্যুর প্রোগ্রাম করা হয় এবং প্রতিটি প্রোগ্রামে এক বা একাধিক কর্মকর্তা একত্রে তদন্তসহ সপ্তাহে অন্তঃত ১০টি প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন ও নিরীক্ষা করে থাকেন। কর্মকর্তাগণ ৩০ কর্মদিবসের মধ্যে প্রতিবেদন জমা দেন। অতঃপর যাচাই বাছাইপূর্বক শাখা থেকে প্রতিবেদন নথিতে উপস্থাপিত হলে বিভিন্ন ধরনের সনদ যাচাই (সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সনদ যাচাই এর নিমিত্ত পত্র প্রেরণ করা হয়) পূর্বক প্রতিবেদন উপপরিচালক এবং যুগ্ম পরিচালকের মাধ্যমে পরিচালক কর্তৃক অনুমোদিত হয়। অনুমোদিত প্রতিবেদন এফ/সি সহ মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানে ই-নথিতে প্রেরণ করা হয়। তবে প্রতিষ্ঠানে ই-নথি না থাকলে ইমেইলে তা প্রেরণ করা হয়। প্রতিবেদন প্রেরণের দাপ্তরিক কাজটি সম্পন্ন করার জন্য দপ্তরের সিটিজেন চার্টার মোতাবেক নির্ধারিত লক্ষ্যমাত্রা ৪৫ কার্য দিবস।

এছাড়া, ডিআইএ এর অটোমেশন সফটওয়্যার পাইলটিং এর জন্য চালু আছে। সেটির মাধ্যমেও অনলাইনে প্রতিষ্ঠান সমূহ পরিদর্শন করা হয়। অটোমেশন সফটওয়্যারের সুবিধা হলো- প্রতিষ্ঠান নির্ধারিত পরিদর্শন ফরম পূরণ ও ফরমসহ ডাউনলোড সকল ডকুমেন্ট অনলাইনে আপলোড করতে পারে এবং পরিদর্শন কার্যক্রম কর্তৃপক্ষ কর্তৃক অবলোকন/সুপারভিশন/মনিটরিং করা সম্ভব। পরিদর্শন ফরম পূরণ করা হলে প্রতিষ্ঠান তা সাবমিট করে এবং পরিদর্শন কর্মকর্তা ডকুমেন্ট এর সাথে যাচাই বাছাই পূর্বক সফটওয়্যারের মাধ্যমে একটি অটোমেটেড সেমি প্রতিবেদন প্রস্তুত করতে সক্ষম হন। পরবর্তীতে কিছু প্রয়োজনীয় তথ্য/উপাত্ত ম্যানুয়ালি সংযোজন পূর্বক তা কার্যালয়ের প্রক্রিয়াকরণের নিমিত্ত সংশ্লিষ্ট উপপরিচালকের দপ্তরে জমা দেন। সফটওয়্যারের মাধ্যমে পরিদর্শন কার্যক্রম অতি সহজে স্বচ্ছতার সাথে পরিচালনা করা সম্ভব এবং প্রতিবেদন প্রস্তুতিতেও সময় ব্যয় হয় তুলনামূলকভাবে কম অর্থাৎ পরিদর্শন ও প্রতিবেদন প্রস্তুতের পুরো প্রক্রিয়াটি ৩০-৩৫ দিনে সম্পন্ন করা সম্ভব।

**বার্ষিক পরিদর্শন প্রতিবেদন প্রস্তুত প্রক্রিয়াঃ** পরিচালক মহোদয়ের সভাপতিত্বে ২০২১-২২ অর্থবছরের প্রারম্ভে নৈতিকতা কমিটির অনুষ্ঠিত সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় শুদ্ধাচার কর্মপরিকল্পনা-২০২১-২২ প্রস্তুত করা হয় এবং সেখানে শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধের সহায়ক কার্যক্রম হিসেবে বার্ষিক প্রতিবেদন প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয় এবং শুদ্ধাচার পরিকল্পনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। প্রতিবেদন প্রস্তুতের জন্য দপ্তরের সকল বিভাগীয় শাখার উপপরিচালক, সুপার, এবং প্রশাসন শাখাকে নির্দেশনা প্রদান করা হয় এবং সম্পাদনার জন্য কর্মকর্তাদের দায়িত্ব দেয়া হয়। সে মোতাবেক সকল বিভাগীয় শাখা প্রতি মাসে মন্ত্রণালয়ে

পরিদর্শন ও নিরীক্ষা সংক্রান্ত যেসকল 'মাসিক প্রতিবেদন' প্রেরণ করেন সে সকল কপি গবেষণা কাজে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ।

প্রতিবেদন সম্পাদনা কমিটি সকল শাখা থেকে মাসিক প্রতিবেদনসমূহ সংগ্রহ করেন। পর্যালোচনা ও বিশ্লেষণ পূর্বক সকল তথ্য যাচাই-বাছাই এর মাধ্যমে একটি খসড়া প্রতিবেদন প্রস্তুত করেন। খসড়া প্রতিবেদনটি পরিচালক/যুগ্ম পরিচালক, সকল উপপরিচালক, পরিদর্শন কর্মকর্তা এবংসুপারিনটেনডেন্টদের উপস্থিতিতে উপস্থাপন করেন। তাঁদের পর্যবেক্ষণ, সুচিন্তিত মতামত ও সুপারিশের ভিত্তিতে প্রতিবেদনটি চূড়ান্ত করা হয়।

প্রতিবেদন প্রণয়ন সংক্রান্ত কাজে প্রশাসনসহ প্রতিটি বিভাগীয় শাখার কর্মকর্তা/কর্মচারী যথেষ্ট দায়িত্বশীলতার সাথে সক্রিয় ও আন্তরিক ভূমিকা পালন করেন। ফলে প্রতিবেদনের তথ্যের সঠিকতা বজায় রাখা সম্ভব হয়েছে। গবেষণা প্রতিবেদনে MS Office, গ্রাফ/চার্ট, ছক, সারণী ইত্যাদি ব্যবহার করা হয়েছে। তবে সময়ের স্বল্পতায় এবং জনবলের স্বল্পতার কারণে প্রতিবেদনটিকে অধিক উৎকর্ষতা সাধন ও দৃষ্টিনন্দন করা সম্ভব হয় নি। তবে পরবর্তীতে এ বিষয়ে দপ্তরের অধিক প্রচেষ্টা অব্যাহত থাকবে।

-------

# ফলাফল

## APA এর আওতায় দপ্তরের পরিদর্শন ও নিরীক্ষা এবং প্রতিবেদন প্রেরণের লক্ষ্যমাত্রা (২০২১-২০২২)

### সেকশন -২

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয় /বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৯--২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩২৪- | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| সরকারি বেসরকারি স্কুল পরিদর্শন ও নিরীক্ষার/তদন্তের মাধ্যমে আর্থিক ও প্রশাসনিক অনিয়ম চিহ্নিত করে তা প্রতিকারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা। | পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠান | সংখ্যা | ৮৫১ | ১১১৮ | ১১৮০ | ১২৩৫ | ১২৯০ | পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর এবং শিক্ষা মন্ত্রণালয়। | শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষার আদেশ /প্রতিবেদন |
| সরকারি বেসরকারি মাদ্রাসা ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষা/তদন্তের মাধ্যমে আর্থিক ও প্রশাসনিক অনিয়ম চিহ্নিত করে তা প্রতিকারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা। | পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠান | সংখ্যা | ৪৫৮ | ৬৬০ | ৬২০ | ৬৫০ | ৬৮০ | পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর এবং শিক্ষা মন্ত্রণালয়। | শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষার আদেশ /প্রতিবেদন |
| সরকারি বেসরকারি কলেজ পরিদর্শন ও নিরীক্ষা/তদন্তের মাধ্যমে আর্থিক ও প্রশাসনিক অনিয়ম চিহ্নিত করে তা প্রতিকারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা। | পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠান | সংখ্যা | ২০১ | ২২৪ | ৩০০ | ৩১৫ | ৩৩০ | পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর এবং শিক্ষা মন্ত্রণালয়। | শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষার আদেশ /প্রতিবেদন |
| মোট | | | ১৫১০ | ২০০২ | ২১০০ | ২২০০ | ২৩০০ | | |

# APA এর আওতায় দপ্তরের পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রম বাস্তবায়ন এবং প্রতিবেদন প্রেরণ (২০২১-২০২২)

# তথ্য সারণী

২০২১-২০২২ অর্থ বছরে সকল বিভাগ কর্তৃক পরিদর্শিত প্রতিষ্ঠান সমূহের তথ্য সারণী

| বিভাগীয় | পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য | | | | | মন্ত্রণালয়ে প্রেরিত প্রতিবেদন সংখ্যা | | | | | জাল সনদ | | আদায়যোগ্য অর্থ | বেহাত হওয়া জমির পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কলেজ | | বিদ্যালয় | | সর্ব মোট | কলেজ | | বিদ্যালয় | | সর্ব মোট | | | | |
| | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সংখ্যা | আদায়যোগ্য অর্থ | জাল সনদ সহ | (একর) |
| ঢাকা | ৯৭ | ২১ | ৩৪০ | ৫ | ৪১৮ | ৪৭ | ৮ | ৩৪৩ | ৩ | ৪০১ | ১৪ | ৮০৪২৭৮০ | ৫৩৩০৪৪৯৫.৫ | ২০৩.৫৬০৯ |
| চট্টগ্রাম | ৬২ | ৪ | ২৮৫ | ১ | ৩৩৮ | ৪০ | ১ | ২৬৫ | ২ | ৩০৮ | ৫ | ৬৭৫১১৯৮ | ৪৭৮৮১৫২৯ | ৮০.৭৪৬ |
| খুলনা | ৪৬ | ০ | ৩০০ | ২ | ২১৫ | ৩৮ | ২ | ২০৯ | ৪ | ২৫৩ | ১৭ | ২৫৩৮৯৯৩৪ | ৬৭৮৩৮১৫৯.৫ | ৭৬.০৯৯০৮ |
| রাজশাহী | ৭০ | ০ | ২৪৫ | ২ | ৩১৭ | ৩২ | ০ | ৩৭৪ | ০ | ৪০৬ | ৩২ | ৬৮৪২৫৩২৬ | ১২৪২৭০৬৯৩ | ৬৮.০৫৪৫ |
| **সর্ব মোট** | **২৭৫** | **২৫** | **১১৭০** | **১০** | **১৪৮০** | **১৫৭** | **১১** | **১১৯১** | **৯** | **১৩৬৮** | **৬৮** | **১০৮৬০৯২৩৮** | **২৯৩২৯৪৮৭৭** | **৪২৮.৪৬০৫** |

২০২১-২০২২ অর্থ বছরে  সকল বিভাগ কর্তৃক পরিদর্শিত প্রতিষ্ঠান সমূহের তথ্য সারণী

| বিভাগীয় | পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য | | | | | মন্ত্রণালয়ে প্রেরিত প্রতিবেদন সংখ্যা | | | | | জাল সনদ | | আদায়যোগ্য অর্থ | বেহাত হওয়া জমির পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কারিগরি | | মাদ্রাসা | | সর্ব মোট | কারিগরি | | মাদ্রাসা | | সর্ব মোট | | | | |
| | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সংখ্যা | আদায়যোগ্য অর্থ | জাল সনদ সহ | (একর) |
| ঢাকা | ০ | ০ | ৮৫ | ০ | ৮৫ | ২ | ০ | ৭৭ | ০ | ৭৯ | ০ | ৭৩৫৪৫৬৩ | ২৬৩২৯৮৮৯ | ৩১.৮০২৫ |
| চট্টগ্রাম | ০ | ০ | ১৫৩ | ৩ | ১৫৬ | ০ | ০ | ১২২ | ১ | ১২৩ | ০ | ০ | ২৪৬৬৯৯৭৪ | ৬২.৭০৫৬ |
| খুলনা | ০ | ০ | ১৪৬ | ০ | ১৪৬ | ৩ | ০ | ৯৯ | ০ | ১০২ | ০ | ৭৪০৭০৬৬ | ৪১৪১৯১৪৮ | ১৯.৬৫৫ |
| রাজশাহী | ৮ | ৩ | ২১২ | ১৩ | ২৩৬ | ২২ | ১৪ | ১৩২ | ৫১ | ২১৯ | ১৮ | ১৫০১৪৬৬৮ | ৪৯৬৫৬২৬৮ | ৯০.৭৭ |
| **সর্ব মোট** | **৮** | **৩** | **৫৯৬** | **১৬** | **৬২৩** | **২৭** | **১৪** | **৪৩০** | **৫২** | **৫২৩** | **১৮** | **২৯৭৭৬২৯৭** | **১৪২০৭৫২৭৯** | **২০৪.৯৩৩১** |

## ২০২১-২০২২ অর্থ বছরে ঢাকা বিভাগীয় শাখা কর্তৃক পরিদর্শিত প্রতিষ্ঠান সমূহের তথ্য সারণী

| ঢাকা বিভাগীয় জেলা সমূহ | পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য | | | | | মন্ত্রণালয়ে প্রেরিত প্রতিবেদন সংখ্যা | | | | | জাল সনদ | | আদায়যোগ্য অর্থ | বেহাত হওয়া জমির পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কলেজ | | বিদ্যালয় | | সর্ব মোট | কলেজ | | বিদ্যালয় | | সর্ব মোট | | | | |
| | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সংখ্যা | আদায়যোগ্য অর্থ | জাল সনদ সহ | (একর) |
| ঢাকা | ৩০ | ১২ | ৪৭ | ১ | ৯০ | ১০ | ৭ | ৬ | ১ | ২৬ | ০ | ০ | ৫০০৯৯৪৮ | ৪.৬৪ |
| মানিকগঞ্জ | ৫ | ০ | ১৭ | ০ | ১৯ | ৫ | ০ | ১৪ | ০ | ১৬ | ০ | ০ | ৭৬২২৬০ | ৪.৯৫৫ |
| নেত্রকোনা | ৪ | ০ | ২৩ | ০ | ২৭ | ২ | ০ | ১৫ | ০ | ১৭ | ০ | ০ | ১০৫০২৪৩৮ | ২.৭৪ |
| গোপালগঞ্জ | ৪ | ০ | ২৯ | ০ | ৩১ | ৩ | ০ | ২৭ | ০ | ৩০ | ২ | ১০৪৯৮৬০ | ২৭৪৯২১৪ | ৫৮.১৮৫ |
| জামালপুর | ৭ | ১ | ১৫ | ১ | ২৩ | ১ | ০ | ১২ | ০ | ১৩ | ১ | ৮৪০০০ | ০ | ৭.৪৬ |
| নারায়নগঞ্জ | ১ | ০ | ১০ | ১ | ২ | ৩ | ০ | ৯ | ০ | ১২ | ০ | ০ | ০ | ৫.৪৩ |
| শেরপুর | ২ | ০ | ১১ | ০ | ১৩ | ১ | ০ | ২০ | ০ | ২১ | ০ | ০ | ১২৭৯৫৪৫ | ৯.২৬৫ |
| নরসিংদি | ৬ | ১ | ২১ | ১ | ২৯ | ০ | ০ | ১৩ | ০ | ১৩ | ০ | ০ | ১২২৯৯৫০ | ৪ |
| কিশোরগঞ্জ | ৩ | ৫ | ১৭ | ০ | ২১ | ২ | ০ | ১০ | ০ | ১২ | ০ | ০ | ৬৭০৮৮০ | ২ |
| ময়মনসিংহ | ৯ | ০ | ২৬ | ০ | ৩৫ | ১ | ০ | ৩০ | ০ | ৩১ | ৩ | ২০৩০৬৬০ | ২০৩০৬৬০ | ৯.৫২২৫ |
| ফরিদপুর | ২ | ০ | ২০ | ০ | ১৫ | ০ | ০ | ১০ | ০ | ১০ | ১ | ০ | ১১২৪৬৪০ | ৫.০৪ |
| টাঙ্গাইল | ৮ | ০ | ৩০ | ১ | ৩৯ | ২ | ১ | ৩০ | ১ | ৩৪ | ১ | ১০৮০০০০ | ১১৩৯৪৫০৪ | ১২.৯৪৯৩ |
| মুন্সিগঞ্জ | ১ | ০ | ১৫ | ০ | ৮ | ০ | ০ | ১ | ০ | ১ | ০ | ০ | ০ | ০ |
| রাজবাড়ী | ৫ | ০ | ১৫ | ০ | ২০ | ২ | ০ | ৩২ | ০ | ৩৪ | ০ | ০ | ২৬৮৮৫৫০ | ১৬.৫৯২৫ |
| গাজীপুর | ৫ | ১ | ২০ | ০ | ২০ | ৭ | ০ | ৫৯ | ১ | ৬৭ | ৩ | ২০৮২৮০০ | ৩৮৫০৭৫৭.৫ | ৩৯.৫৮১৮ |
| মাদারীপুর | ৪ | ১ | ১৭ | ০ | ১৯ | ১ | ১ | ২৪ | ০ | ২৬ | ২ | ১৬৮১৮৬০ | ১৬৮১৮৬০ | ১১.৪৮৯ |
| শরীয়তপুর | ১ | ০ | ৭ | ০ | ৭ | ৭ | ০ | ৩১ | ০ | ৩৮ | ১ | ৩৩৬০০ | ৮৩২৯২৮৯ | ৯.৪৭৫৮ |
| **সর্ব মোট** | **৯৭** | **২১** | **৩৪০** | **৫** | **৪১৮** | **৪৭** | **৯** | **৩৪৩** | **৩** | **৪০১** | **১৪** | **৮০৪২৭৮০.০০** | **৫৩৩০৪৪৯৫.৫০** | **২০৩.৫৬০৯** |

## ২০২১-২০২২ অর্থ বছরে ঢাকা বিভাগীয় শাখা কর্তৃক পরিদর্শিত প্রতিষ্ঠান সমূহের তথ্য সারণী

| ঢাকা বিভাগীয় জেলা সমূহ | পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য | | | | | মন্ত্রণালয়ে প্রেরিত প্রতিবেদন সংখ্যা | | | | | জাল সনদ | | আদায়যোগ্য অর্থ | বেহাত হওয়া জমির পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কারিগরি | | মাদ্রাসা | | মোট | কারিগরি | | মাদ্রাসা | | মোট | | | | |
| | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সংখ্যা | আদায়যোগ্য অর্থ | জাল সনদ সহ | (একর) |
| ঢাকা | ০ | ০ | ৭ | ০ | ৭ | ০ | ০ | ৫ | ০ | ৫ | ০ | ০ | ০ | ০.২৫ |
| মানিকগঞ্জ | ০ | ০ | ১ | ০ | ১ | ০ | ০ | ৫ | ০ | ৫ | ০ | ০ | ০ | ০ |
| নেত্রকোনা | ০ | ০ | ৪ | ০ | ১৩ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| গোপালগঞ্জ | ০ | ০ | ০ | ০ | ৪ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ১৯৪৮৯৪৪ | ০ | ০ |
| জামালপুর | ০ | ০ | ৩ | ০ | ১০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৪৭২৪১৬৯ | ৪৭২৪১৬৯ | ২.০৬৭৫ |
| নারায়নগঞ্জ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| শেরপুর | ০ | ০ | ৩ | ০ | ৭ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৬৮১৪৫০ | ১৫৮৩২৩৮০ | ১৬.৪৫ |
| নরসিংদি | ০ | ০ | ০ | ০ | ১৩ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৮৪০০০ | ০ |
| কিশোরগঞ্জ | ০ | ০ | ৪ | ০ | ১৩ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ময়মনসিংহ | ০ | ০ | ৩ | ০ | ১৫ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৪৬৫৪১০ | ০.৬ |
| ফরিদপুর | ০ | ০ | ০ | ০ | ৮ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ১১৩৭৬৪০ | ০.৬৬ |
| টাঙ্গাইল | ০ | ০ | ২২ | ০ | ২২ | ০ | ০ | ১৫ | ০ | ১৫ | ০ | ০ | ০ | ২.৬৮ |
| মুন্সিগঞ্জ | ০ | ০ | ২ | ০ | ২ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| রাজবাড়ী | ০ | ০ | ১০ | ০ | ১০ | ১ | ০ | ১০ | ০ | ১১ | ০ | ০ | ১৯১১৯৮৭ | ০ |
| গাজীপুর | ০ | ০ | ১১ | ০ | ১১ | ১ | ০ | ২১ | ০ | ২২ | ০ | ০ | ২১৭৪৩০৩ | ৭.০৩৫ |
| মাদারীপুর | ০ | ০ | ১২ | ০ | ১২ | ০ | ০ | ১১ | ০ | ১১ | ০ | ০ | ০ | ০ |
| শরীয়তপুর | ০ | ০ | ৩ | ০ | ৩ | ০ | ০ | ১০ | ০ | ১০ | ০ | ০ | ০ | ১.৬২ |
| **সর্ব মোট** | **০** | **০** | **৮৫** | **০** | **১৫১** | **২** | **০** | **৭৭** | **০** | **৭৯** | **০** | ৭৩৫৪৫৬৩.০০ | ২৬৩২৯৮৮৯.০০ | **৩১.৮০২৫** |

## ২০২১-২০২২ অর্থ বছরে চট্টগ্রাম বিভাগীয় শাখা কর্তৃক পরিদর্শিত প্রতিষ্ঠান সমূহের তথ্য সারণী

| চট্টগ্রাম বিভাগীয় জেলা | পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য | | | | | মন্ত্রণালয়ে প্রেরিত প্রতিবেদন সংখ্যা | | | | | জাল সনদ | | আদায়যোগ্য অর্থ জাল সনদসহ | বেহাত হওয়া জমির পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কলেজ | | বিদ্যালয় | | মোট | কলেজ | | বিদ্যালয় | | মোট | | | | |
| | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সংখ্যা | আদায়যোগ্য অর্থ | | (একর) |
| চট্টগ্রা্ম | ১২ | ০ | ৩০ | ০ | ৪০ | ২ | ০ | ২১ | ০ | ২৩ | ০ | ০.০০ | ৪৫৭৬৭৭৭.০০ | ৪.৩১২৫ |
| রাঙ্গামাটি | ২ | ০ | ১৮ | ০ | ১৮ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০.০০ | ০. |
| খাগড়াছড়ি | ৪ | ০ | ২৯ | ০ | ৩০ | ০ | ০ | ৩ | ০ | ৩ | ০ | ০.০০ | ৭২৮২২৪.০০ | ০. |
| কক্সবাজার | ৪ | ১ | ১৫ | ১ | ১৯ | ২ | ০ | ২৬ | ০ | ২৮ | ০ | ০.০০ | ৩৬৯৩৭০.০০ | ৭.৯৬ |
| বান্দরবান | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০.০০ | ০. |
| নোয়াখালী | ৫ | ০ | ২৯ | ০ | ৩২ | ০ | ০ | ২৯ | ১ | ৩০ | ১ | ১৬১৮৬৩০.০০ | ২১০০৮৯৩৩.০০ | ১১.২৪ |
| ফেনী | ৪ | ০ | ২৩ | ০ | ২৫ | ০ | ০ | ৬ | ০ | ৬ | ০ | ০.০০ | ০.০০ | ০. |
| লক্ষ্মীপুর | ৩ | ০ | ১০ | ০ | ১৩ | ১ | ০ | ১০ | ০ | ১১ | ০ | ০.০০ | ১৩১৫২৩.০০ | ১.০৩৮৯ |
| কুমিল্লা | ৮ | ০ | ২০ | ০ | ২৮ | ২ | ০ | ৪৮ | ০ | ৫০ | ০ | ০.০০ | ১২৫১৭৬৫.০০ | ১৩.০৫৩১ |
| চাদপুর | ৩ | ১ | ১৭ | ০ | ২০ | ৪ | ০ | ১৫ | ০ | ১৭ | ২ | ৩১১৮৮০৮.০০ | ৩৬২৬৭৯৮.০০ | ৮.৮৩ |
| ব্রাক্ষ্মণবাড়িয়া | ৫ | ০ | ১৬ | ০ | ২১ | ৬ | ০ | ১৮ | ০ | ২৩ | ০ | ০.০০ | ০.০০ | ৬.১৯ |
| সিলেট | ৫ | ০ | ২৭ | ০ | ৩২ | ৪ | ১ | ১৬ | ০ | ২২ | ১ | ১০২৩৬৮০.০০ | ৩৮১৭৯১৫.০০ | ২.১ |
| হবিগঞ্জ | ২ | ২ | ১২ | ০ | ১৬ | ২ | ০ | ৯ | ০ | ১৩ | ০ | ০.০০ | ১৫৮৩৭৫.০০ | ১.৩২ |
| মৌলভীবাজার | ২ | ০ | ১৮ | ০ | ২০ | ৯ | ০ | ৩৮ | ১ | ৪৭ | ১ | ৯৯০০৮০.০০ | ১২১৭২৬০৯.০০ | ৬.৩৮ |
| সুনামগঞ্জ | ৩ | ০ | ২১ | ০ | ২৪ | ৮ | ০ | ২৬ | ০ | ৩৫ | ০ | ০.০০ | ৩৯২৪০.০০ | ১৮.৩৩ |
| **সর্বমোট** | **৬২** | **৪** | **২৮৫** | **১** | **৩৩৮** | **৪০** | **১** | **২৬৫** | **২** | **৩০৮** | **৫** | **৬৭৫১১৯৮.০০** | **৪৭৮৮১৫২৯.০০** | **৮০.৭৪৬** |

# ২০২১-২০২২ অর্থ বছরে চট্টগ্রাম বিভাগীয় শাখা কর্তৃক পরিদর্শিত প্রতিষ্ঠান সমূহের তথ্য সারণী

| চট্টগ্রাম বিভাগীয় জেলা | পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য | | | | | মন্ত্রণালয়ে প্রেরিত প্রতিবেদন সংখ্যা | | | | | জাল সনদ | | আদায়যোগ্য অর্থ | বেহাত হওয়া জমির পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কারিগরী | | মাদ্রাসা | | সর্ব | কারিগরী | | মাদ্রাসা | | সর্ব | | | | |
| | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | মোট | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | মোট | সংখ্যা | আদায়যোগ্য অর্থ | জাল সনদ সহ | (একর) |
| চট্টগ্রা্ম | ০ | ০ | ৩০ | ০ | ৩০ | ০ | ০ | ১০ | ০ | ১০ | | | ১৭৩৫৭৯০.০০ | ৩.৩৬৫৩ |
| রাঙ্গামাটি | ০ | ০ | ১ | ১ | ২ | ০ | ০ | ১ | ১ | ২ | ০ | ০.০০ | ০.০০ | ০. |
| খাগড়াছড়ি | ০ | ০ | ৬ | ০ | ৬ | ০ | ০ | ১ | ০ | ১ | ০ | ০.০০ | ০.০০ | ০. |
| কক্সবাজার | ০ | ০ | ৫ | ১ | ৬ | ০ | ০ | ১২ | ০ | ১২ | ০ | ০.০০ | ১০৫৬০০০.০০ | ১৫.৩৫৩ |
| বান্দরবান | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০.০০ | ০. |
| নোয়াখালী | ০ | ০ | ১৫ | ০ | ১৫ | ০ | ০ | ১০ | ০ | ১০ | ০ | ০.০০ | ০.০০ | ০. |
| ফেনী | ০ | ০ | ১২ | ০ | ১২ | ০ | ০ | ২ | ০ | ২ | ০ | ০.০০ | ০.০০ | ১.৭৩ |
| লক্ষ্মীপুর | ০ | ০ | ১১ | ০ | ১১ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০.০০ | ০. |
| কুমিল্লা | ০ | ০ | ১০ | ০ | ১০ | ০ | ০ | ২৬ | ০ | ২৬ | ০ | ০.০০ | ২৮৮৫৩৯১.০০ | ৭.৮০৪৪ |
| চাদপুর | ০ | ০ | ৭ | ০ | ৭ | ০ | ০ | ১৫ | ০ | ১৫ | ০ | ০.০০ | ১০৩২৮৭৫.০০ | ৪.৭৯ |
| ব্রাক্ষ্মণবাড়িয়া | ০ | ০ | ৭ | ০ | ৭ | ০ | ০ | ৬ | ০ | ৬ | ০ | ০.০০ | ০.০০ | ১.৬৬ |
| সিলেট | ০ | ০ | ১০ | ১ | ১১ | ০ | ০ | ৯ | ০ | ৯ | ০ | ০.০০ | ১৬২৪০ | ১.০৯ |
| হবিগঞ্জ | ০ | ০ | ২৫ | ০ | ২৫ | ০ | ০ | ৪ | ০ | ৪ | ০ | ০.০০ | ০.০০ | ৪.০৩ |
| মৌলভীবাজার | ০ | ০ | ৭ | ০ | ৭ | ০ | ০ | ১২ | ০ | ১২ | ০ | ০.০০ | ১৭৭৭২৪৭৮.০০ | ১২.৬৩ |
| সুনামগঞ্জ | ০ | ০ | ৭ | ০ | ৭ | ০ | ০ | ১৪ | ০ | ১৪ | ০ | ০.০০ | ১৭১২০০.০০ | ১০.২৫ |
| **সর্ব মোট** | **০** | **০** | **১৫৩** | **৩** | **১৫৬** | **০** | **০** | **১২২** | **১** | **১২৩** | **০** | **০.০০** | **২৪৬৬৯৯৭৪.০০** | **৬২.৭০৫৬** |

## ২০২১-২২ অর্থ বছরে রাজশাহী বিভাগীয় শাখা কর্তৃক পরিদর্শিত সাধারণ (মাউশি) শিক্ষাপ্রতিষ্ঠান সমূহের তথ্য সারণী

| রাজশহী বিভাগীয় জেলা সমূহ | পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য | | | | | মন্ত্রণালয়ে প্রেরিত প্রতিবেদন সংখ্যা | | | | | জাল সনদ | | আদায়যোগ্য অর্থ | বেহাত হওয়া জমির পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কলেজ | | বিদ্যালয় | | মোট | কলেজ | | বিদ্যালয় | | মোট | | | | |
| | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সংখ্যা | আদায়যোগ্য অর্থ | জাল সনদ সহ | (একর) |
| পঞ্চগড় | ৩ | ০ | ৩৫ | ১ | ৩৯ | ৪ | ০ | ৪২ | ০ | ৪৬ | ০ | ০.০০ | ২৯৯৮৯৯৬.০০ | ০.৪৬ |
| লালমনিরহাট | ৪ | ০ | ১২ | ০ | ১৬ | ০ | ০ | ৩৯ | ০ | ৩৯ | ১৩ | ৯২৪৪৪৬১.০০ | ১৪৮২৬৬০০.০০ | ৭.৩৩ |
| দিনাজপুর | ৫ | ০ | ১০ | ০ | ১৫ | ২ | ০ | ৪৪ | ০ | ৪৬ | ০ | ১৭২১২৬৯৯.০০ | ৩২২৩৭৫০০.০০ | ১১.৮১ |
| নাটোর | ০ | ০ | ০ | ০ | ০ | ৩ | ০ | ১৯ | ০ | ২২ | ৫ | ২১২৪২৭০.০০ | ৩৬৬০০২৮.০০ | ৭.৫৩৭ |
| কুড়িগ্রাম | ০ | ০ | ০ | ০ | ০ | ১ | ০ | ৪ | ০ | ৫ | ০ | ০.০০ | ২৯৮৭২৯৬.৫০ | ০ |
| রাজশাহী | ৪ | ০ | ৯ | ০ | ১৩ | ২ | ০ | ৪৪ | ০ | ৪৬ | ০ | ১৭২১২৬৯৯.০০ | ৩২২৩৭৫০০.০০ | ১১.৮১ |
| নীলফামারী | ৭ | ০ | ২১ | ০ | ২৮ | ৫ | ০ | ১৪ | ০ | ১৯ | ৪ | ১০৭৮৪৫৭২.০০ | ১৬২৩৬৯৩২.০০ | ০ |
| গাইবান্ধা | ৬ | ০ | ২৮ | ০ | ৩৪ | ৩ | ০ | ৩ | ০ | ৬ | ০ | ০ | ০ | ১.৩২ |
| জয়পুরহাট | ৪ | ০ | ২৬ | ০ | ৩০ | ১ | ০ | ১১ | ০ | ১২ | ২ | ২৭৩৮৩১২ | ২৭৩৮৩১২ | ৪.৯২ |
| সিরাজগঞ্জ | ৬ | ০ | ২৪ | ০ | ৩০ | ২ | ০ | ৩৬ | ০ | ৩৮ | ৪ | ১৭০৩৩৬০ | ১৭০৩৩৬০ | ১.৯৯ |
| রংপুর | ৬ | ০ | ১৪ | ১ | ২১ | ২ | ০ | ৭ | ০ | ৯ | ০ | ০ | ৩৩৫৪৬০০ | ০ |
| চাঁপাইনবাবগঞ্জ | ২ | ০ | ৫ | ০ | ৭ | | ০ | ১১ | ০ | ১১ | ১ | ১৬৮৭৬৪৪ | ১৬৮৭৬৪৪ | ০ |
| নওগাঁ | ৪ | ০ | ৬ | ০ | ১০ | ২ | ০ | ৩৪ | ০ | ৩৬ | ১ | ১৫১২৩৪০ | ১৫১২৩৪০ | ৬.২৬ |
| পাবনা | ৭ | ০ | ১৮ | ০ | ২৫ | ১ | ০ | ১৫ | ০ | ১৬ | ১ | ১৫৬৮০৯৯ | ৫৪৫২৭১৪ | ৮.৩৫ |
| ঠাকুরগাঁও | ৪ | ০ | ৮ | ০ | ১২ | ১ | ০ | ২৫ | ০ | ২৬ | | ২৬০৪৬০০ | ২৬০৪৬০০ | ৩.১৭২৫ |
| বগুড়া | ৮ | ০ | ২৯ | ০ | ৩৭ | ৩ | ০ | ২৬ | ০ | ২৯ | ১ | ৩২২৭০ | ৩২২৭০ | ৩.০৯৫ |
| **সর্ব মোট** | **৭০** | **০** | **২৪৫** | **২** | **৩১৭** | **৩২** | **০** | **৩৭৪** | **০** | **৪০৬** | **৩২** | **৬৮৪২৫৩২৬.০০** | **১২৪২৭০৬৯২.৫০** | **৬৮.০৫৪৫** |

## ২০২১ ইং অর্থ বছরে রাজশাহী বিভাগীয় শাখা কর্তৃক পরিদর্শিত (কারিগরী ও মাদ্রাসা) শিক্ষা প্রতিষ্ঠান সমূহের তথ্য সারণী

| জেলা | পরিদর্শিত প্রতিষ্ঠানের সংখ্যা | | | | | মন্ত্রণালয়ে প্রেরিত প্রতিবেদন সংক্রান্ত তথ্য | | | | | জাল সনদ | | মোট টাকার পরিমাণ | বেহাত/হ্রাস পাওয়া জমির পরিমান |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কারিগরি প্রতিষ্ঠান | | মাদ্রাসা | | মোট | কারিগরি প্রতিষ্ঠান | | মাদ্রাসা | | মোট | | | | |
| | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সংখ্যা | আদায়যোগ্য অর্থ | | |
| পঞ্চগড় | ০ | ০ | ১০ | ০ | ১০ | ২ | ০ | ১০ | ০ | ১২ | | ০ | ০ | ০ |
| লালমনিরহাট | ০ | ০ | ৫ | ০ | ৫ | ০ | ০ | ১২ | ০ | ১২ | ৩ | ৩ | ৬৮৪৮৯৪২ | ১১.০৫ |
| দিনাজপুর | ১ | | ১০ | ০ | ১১ | ০ | ০ | ৫ | ০ | ৫ | ১ | ১১৭৪২৫০ | ১১৭৪২৫০ | ০ |
| নাটোর | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ২ | ৩ | ৫ | ১ | ১ | ১৯৪৮৪০০ | ৪.৪ |
| কুড়িগ্রাম | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৫ | ৭ | ১২ | ১ | ১ | ৫০৭০০০ | ১৫.৫১ |
| রাজশাহী | ১ | | ১০ | ০ | ১১ | ০ | ০ | ১০ | ০ | ১০ | ২ | ০ | ৩৩৩০১৬৮ | ০.৬৭ |
| নীলফামারী | ০ | ০ | ১০ | ০ | ১০ | ০ | ০ | ৫ | ০ | ৫ | ৫ | ৪৫৪৭৫৫৮ | ৬৪৬৮৬৫৮ | ১৫.৩ |
| গাইবান্ধা | ০ | ০ | ১০ | ০ | ১০ | ১ | ০ | ৬ | ০ | ৭ | ১ | ১৪৩৬০৫০ | ৩৬৩৩৮৬০ | ০.৮৪ |
| জয়পুরহাট | ০ | ০ | ৫ | ০ | ৫ | ০ | ০ | ৮ | ০ | ৮ | ০ | ১০৬৭৭৯৪ | ১০৬৭৭৯৪ | ৪.৬৪ |
| সিরাজগঞ্জ | ১ | ১ | ১৬ | ০ | ১৮ | ৩ | ০ | ১৬ | ০ | ১৯ | ০ | ০ | ৩৪১৮৬৩৪ | ৩.৪৩ |
| রংপুর | ১ | | ১৪ | ০ | ১৫ | ০ | ০ | ৩ | ০ | ৩ | ১ | ২১১৬১৮০ | ২১১৬১৮০ | ১.৪১ |
| চাঁপাইনবাবগঞ্জ | ০ | ০ | ৬ | ০ | ৬ | ০ | ০ | ২ | ০ | ২ | ০ | ০ | ১০০৮০০ | ০ |
| নওগাঁ | ১ | ১ | ১৩ | ১৩ | ২৮ | ১৩ | ১৪ | ৫ | ৬ | ৩৮ | ০ | ০ | ১৯৪৭৯১০ | ৪.৬৮ |
| পাবনা | ২ | | ১৫ | ০ | ১৭ | ০ | ০ | ৫ | ০ | ৫ | ১ | ১৪৬০৬৮৫ | ১৫৪২৯৩০ | ৮.৪১ |
| ঠাকুরগাঁও | ০ | ০ | ১২ | ০ | ১২ | ৩ | | ৩ | ০ | ৬ | ০ | ৩২১২১৪৪ | ৩২১২১৪৪ | ১.২৫ |
| বগুড়া | ১ | ১ | ৭৬ | ০ | ৭৮ | ০ | ০ | ৩৫ | ৩৫ | ৭০ | ২ | ৭২.০০ | ১২৩৩৮৫৯৮.০০ | ১৯.১৮ |
| **সর্ব মোট** | **৮** | **৩** | **২১২** | **১৩** | **২৩৬** | **২২** | **১৪** | **১৩২** | **৫১** | **২১৯** | **১৮** | ১৫০১৪৭৩৮.০০ | ৪৯৬৫৬২৬৮.০০ | **৯০.৭৭** |

## ২০২১-২২  অর্থ বছরে খুলনা বিভাগীয় শাখা কর্তৃক পরিদর্শিত (সাধারণ) শিক্ষা প্রতিষ্ঠান সমূহের তথ্য সারণী

| খুলনা বিভাগীয় জেলা | পরিদর্শিত প্রতিষ্ঠানের সংখ্যা | | | | | মন্ত্রণালয়ে প্রেরিত প্রতিবেদন সংক্রান্ত তথ্য | | | | | জাল সনদ | | মোট আদায়যোগ্য টাকার পরিমাণ | বেহাত/হ্রাস পাওয়া জমির পরিমান |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কলেজ | | বিদ্যালয় | | মোট | কলেজ | | বিদ্যালয় | | মোট | সংখ্যা | আদায়যোগ্য অর্থ | | |
| | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | | | | |
| সাতক্ষীরা | ৩ | ০ | ২৭ | ০ | ৩০ | ২ | ০ | ২৭ | ০ | ২৯ | ০ | ০ | ১৭১৪৪৬২৬.৫ | ১১.৪৭০৮৮ |
| যশোর | ৩ | ০ | ১৭ | ২ | ২২ | ১ | ২ | ১৯ | ১ | ২৩ | ৫ | ৫৪০৮২৫০ | ৫৪০৮২৫০ | ১৪.৬০০৭ |
| ঝিনাইদহ | ২ | ০ | ৬ | ০ | ৮ | ৩ | ০ | ১৩ | ০ | ১৬ | ২ | ৮০৫৪৯০ | ১৬১০৯৮০ | ৪.২৬৭৫ |
| কুষ্টিয়া | ৩ | ০ | ১১ | ০ | ১৪ | ৪ | ০ | ২০ | ০ | ২৪ | ৫ | ৫২৬৯৫৫৩ | ৭৭০৬৩৬৩ | ৯.৬ |
| চুয়াডাংগা | ০ | ০ | ০ | ০ | ০ | ৩ | ০ | ১৭ | ০ | ২০ | ০ | ০ | ৩১৩৪০২০ | ০.১৩ |
| মাগুরা | ০ | ০ | ৮ | ০ | ৮ | ১ | ০ | ৬ | ২ | ৯ | ০ | ০ | ১৭০৭৯৯৫ | ০.০৭ |
| মেহেরপুর | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ১ | ০ | ১ | ০ | ০ | ০ | ০.১৪ |
| খুলনা | ৩ | ০ | ১৯ | ০ | ২২ | ২ | ০ | ১৮ | ১ | ২১ | ০ | ০ | ৫৩১৪১০ | ০.৮ |
| বরগুনা | ০ | ০ | ৫ | ০ | ৫ | ১ | ০ | ২ | ০ | ৩ | ০ | ০ | ০ | ০ |
| বরিশাল | ২ | ০ | ১৪ | ০ | ১৬ | ৯ | ০ | ৫ | ০ | ১৪ | ০ | ২০১৭৮৬৬ | ০ | ৩.৬০৭৫ |
| ঝালকাঠি | ১০ | ০ | ১৬ | ০ | ২৬ | ২ | ০ | ৭ | ০ | ৯ | ২ | ২৮২৫৫৯৫ | ০ | ১০.৮৩ |
| পটুয়াখালি | ৫ | ০ | ১৬ | ০ | ২১ | ০ | ০ | ১৯ | ০ | ১৯ | ৩ | ৪৬৬১২৩০ | ৮০৬৬৭৯৯ | ০ |
| ভোলা | ৪ | ০ | ১৪ | ০ | ১৮ | ০ | ০ | ১৩ | ০ | ১৩ | ০ | ০ | ১৫৭১৪৪২৫.৫ | ০ |
| পিরোজপুর | ২ | ০ | ২৯ | ০ | ৩১ | ৩ | ০ | ১২ | ০ | ১৫ | ০ | ৪৪০১৯৫০ | ৫১৪৬২৩৭.৫ | ১৪.৪৮৭৫ |
| বাগেরহাট | ৫ | ০ | ১৭ | ০ | ২২ | ৩ | ০ | ১৯ | ০ | ২২ | ০ | ০ | ১৪৭০৮ | ৫.১০৫ |
| নড়াইল | ১ | ০ | ৮ | ০ | ৯ | ১ | ০ | ৪ | ০ | ৫ | ০ | ০ | ১৬৫২৩৪৫ | ০.৯৯ |
| **সর্ব মোট** | **৪৩** | **০** | **২০৭** | **২** | **২৫২** | **৩৫** | **২** | **২০২** | **৪** | **২৪৩** | **১৭** | ২৫৩৮৯৯৩৪.০০ | ৬৭৮৩৮১৫৯.৫০ | **৭৬.০৯৯১** |

## ২০২১-২২ অর্থ বছরে খুলনা বিভাগীয় শাখা কর্তৃক পরিদর্শিত (কারিগরী ও মাদ্রাসা) শিক্ষা প্রতিষ্ঠান সমূহের তথ্য সারণী

| খুলনা বিভাগীয় জেলা | পরিদর্শিত প্রতিষ্ঠানের সংখ্যা | | | | | মন্ত্রণালয়ে প্রেরিত প্রতিবেদন সংক্রান্ত তথ্য | | | | | জাল সনদ | | মোট আদায়যোগ্য টাকার পরিমাণ | বেহাত/হ্রাস পাওয়া জমির পরিমান |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কারিগরি প্রতিষ্ঠান | | মাদ্রাসা | | মোট | কারিগরি প্রতিষ্ঠান | | মাদ্রাসা | | মোট | | | | |
| | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সংখ্যা | আদায়যোগ্য অর্থ | | |
| সাতক্ষীরা | ০ | ০ | ১৫ | ০ | ১৫ | ৩ | ০ | ১২ | ০ | ১৫ | ০ | ৭৫৬০০০.০০ | ৪০৪৩৭৯৬.০০ | ৫.৮৬ |
| যশোর | ০ | ০ | ১৫ | ০ | ১৫ | ০ | ০ | ১০ | ০ | ১০ | ০ | ১০৪০০০০.০০ | ১৯৮৭৩০৭৭.০০ | ২.৬০৫ |
| ঝিনাইদহ | ০ | ০ | ৫ | ০ | ৫ | ০ | ০ | ৩ | ০ | ৩ | ০ | ০.০০ | ০.০০ | ০ |
| কুষ্টিয়া | ০ | ০ | ৪ | ০ | ৪ | ০ | ০ | ৪ | ০ | ৪ | ০ | ০.০০ | ২৪৬৮৭৯.০০ | ০.৮৪ |
| চুয়াডাংগা | ০ | ০ | ২ | ০ | ২ | ০ | ০ | ১ | ০ | ১ | ০ | ০.০০ | ০.০০ | ০ |
| মাগুরা | ০ | ০ | ২ | ০ | ২ | ০ | ০ | ৩ | ০ | ৩ | ০ | ০.০০ | ০.০০ | ০.৬৯ |
| মেহেরপুর | ০ | ০ | ২ | ০ | ২ | ০ | ০ | ২ | ০ | ২ | ০ | ০.০০ | ০.০০ | ০ |
| খুলনা | ০ | ০ | ৯ | ০ | ৯ | ০ | ০ | ৩ | ০ | ৩ | ০ | ২০৬৮০৯৫.০০ | ২০৬৮০৯৫.০০ | ১.৬ |
| বরগুনা | ০ | ০ | ৭ | ০ | ৭ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০.০০ | ০ |
| বরিশাল | ০ | ০ | ৬ | ০ | ৬ | ০ | ০ | ৪ | ০ | ৪ | ০ | ০.০০ | ১৩৪৫৭২.৫০ | ০.০১ |
| ঝালকাঠি | ০ | ০ | ১২ | ০ | ১২ | ০ | ০ | ১৩ | ০ | ১৩ | ০ | ৮৯৮৩৩৬.০০ | ১২৪০৮০৯৩.৫০ | ০ |
| পটুয়াখালি | ০ | ০ | ৯ | ০ | ৯ | ০ | ০ | ৪ | ০ | ৪ | ০ | ০.০০ | ০.০০ | ০ |
| ভোলা | ০ | ০ | ২২ | ০ | ২২ | ০ | ০ | ১৯ | ০ | ১৯ | ০ | ০.০০ | ০.০০ | ৬.৩৭ |
| পিরোজপুর | ০ | ০ | ১৮ | ০ | ১৮ | ০ | ০ | ৯ | ০ | ৯ | ০ | ৫৪৫৩০০.০০ | ৫৪৫৩০০.০০ | ০ |
| বাগেরহাট | ০ | ০ | ১৭ | ০ | ১৭ | ০ | ০ | ১১ | ০ | ১১ | ০ | ২০৯৯৩৩৫.০০ | ২০৯৯৩৩৫.০০ | ১.৪৭ |
| নড়াইল | ০ | ০ | ১ | ০ | ১ | ০ | ০ | ১ | ০ | ১ | ০ | ০.০০ | ০.০০ | ০.২১ |
| **সর্ব মোট** | **০** | **০** | **১৪৬** | **০** | **১৪৬** | **৩** | **০** | **৯৯** | **০** | **১০২** | **০** | ৭৪০৭০৬৬.০০ | ৪১৪১৯১৪৮.০০ | **১৯.৬৫৫** |

# আলোচনা ও সুপারিশ

২০২১-২০২২ অর্থবছরে দপ্তরের APA-এর চুক্তি মোতাবেক মোট  ২১০০টি প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষা এবং পূর্বের বছরসহ এ অর্থবছরে পরিদর্শিত প্রতিষ্ঠান সমূহের মোট ২১০০টি প্রতিবেদন মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানে প্রেরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত । বাস্তবায়িত তথ্যের ভিত্তিতে দেখা যায় মোট ২১০৩টি (১০০%) প্রতিষ্ঠান তদন্তসহ পরিদর্শন ও নিরীক্ষা করা হয়। তবে তদন্তসহ সাধারণ পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করা হয় ১৮৯১টি (৯০%)। পরিদর্শনকৃত প্রতিষ্ঠান সমূহের মধ্যে রয়েছে স্কুল/কলেজ/স্কুল এন্ড কলেজ মোট ১৪৮০টি এবং কারিগরী ও মাদ্রাসা মোট ৬২৩টি।

পরিদর্শন প্রতিবেদন সমূহ পর্যালোচনায় দেখা যায়, পরিদর্শনকালীন দপ্তরের অনুমোদিত ও নির্ধারিত যে পরিদর্শন ফরম এর মাধ্যমে তথ্য সংগৃহীত হয় এতে একটি প্রতিষ্ঠানের একাডেমিক, ভৌত অবকাঠামো ও আর্থিক বিষয়াদিসহ সার্বিক চিত্র প্রতিফলিত হয়। সকল বিষয় সম্পর্কে প্রতিবেদনে বিস্তারিত আলোচনা করা হলে প্রতিবেদনের কলেবর বহুগুণ বৃদ্ধি পাবে। এটি সময় সাপেক্ষ এবং অধিক জনবলের সংশ্লিষ্টতার প্রয়োজন যা দপ্তরের নিয়মিত ও অন্যান্য জরুরী কার্যক্রমের পাশাপাশি প্রতিবেদনটিতে সরকারের রূপকল্প ২০২১, দপ্তরের APA, NIS, SDGS নির্বাচনী ইশতেহার, ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং ২০৪১ সালে চতুর্থ শিল্প বিপ্লবের লক্ষ্যমাত্রা ইত্যাদি বিষয় সমূহকে প্রাধান্য দিয়ে একটি প্রতিষ্ঠানের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ নির্দেশক সমূহ অর্থাৎ প্রতিষ্ঠানের আর্থিক ও  জমি সংক্রান্ত পর্যবেক্ষণ, পর্যালোচনা ও ফলাফল সম্পর্কে তথ্যচিত্র তুলে ধরা হয়েছে।

সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল/কলেজ/স্কুল এন্ড কলেজ) তথ্য: এ অর্থবছরে প্রেরিত স্কুল/কলেজ/স্কুল এন্ড কলেজে এর মোট ১৩৬৮ টি প্রতিবেদনের মধ্যে ঢাকা বিভাগীয় শাখার ৪০১টি, খুলনা বিভাগীয় শাখার ২৫৩টি, রাজশাহী বিভাগীয় শাখার  ৪০৬টি এবং চট্টগ্রাম বিভাগীয় শাখার  ৩০৮টি প্রতিবেদন প্রেরণ করা হয়।

জাল সনদ ও আদায়যোগ্য অর্থ সংক্রান্ত তথ্য-

প্রেরিত প্রতিবেদন সমূহে ৬৮টি জাল সনদ এবং জাল সনদের বিপরীতে আদায়যোগ্য অর্থের পরিমাণ ১০৮৬০৯২৩৮/- টাকা মাত্র। অবৈধ নিয়োগ, প্রাপ্যতার অতিরিক্ত উত্তোলন, প্রাপ্য স্কেলে বেতন গ্রহণ না করা, তথ্য-গোপন করে বেতন উত্তোলন এবং জাল সনদসহ মোট আদায়যোগ্য অর্থের পরিমাণ-২৯৩২৯৪৮৭৭/- টাকা মাত্র যা চালান এর মাধ্যমে সরকারি কোষাগারে ফেরতের সুপারিশ করা হয়েছে এবং অভিযুক্ত শিক্ষক/কর্মচারীর বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়েছে।

জমি সংক্রান্ত তথ্য:

উল্লিখিত প্রতিবেদনসমূহে পরিদর্শিত ১৩৬৮ টি প্রতিষ্ঠানের মোট বেহাত হওয়া জমির পরিমাণ ৪২৮.৪৬০৫ একর। প্রতিবেদনে উক্ত বেহাত জমি সমূহ প্রতিষ্ঠানের দখলে এনে মন্ত্রণালয়কে অবহিতকরণের সুপারিশ করা হয়েছে এবং সেই সাথে প্রতিষ্ঠান প্রধানকে  জমি বেহাত হওয়ার কারণ ব্যাখ্যা করার নির্দেশনাও দেয়া হয়েছে।

কারিগরী ও মাদ্রাসা শিক্ষার প্রতিষ্ঠান সমূহের তথ্য-

লক্ষ্যমাত্রা মোতাবেক পরিদর্শিত মোট ৬৮০টি প্রতিবেদনের মধ্যে ৫২৩টি  প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। এর মধ্যে কারিগরী প্রতিষ্ঠানসমূহের তদন্তসহ মোট ৪১টি প্রতিবেদন এবং মাদ্রাসার মোট ৪৮২টি প্রতিবেদন।

জাল সনদ ও আদায়যোগ্য অর্থ:

কারিগরী ও মাদ্রাসার প্রেরিত প্রতিবেদনসমূহ পর্যালোচনায় রাজশাহী বিভাগে মোট ১৮টি জাল সনদ এবং আদায়যোগ্য অর্থের পরিমাণ ২৯,৭৭৬,২৯৭/- টাকা। জাল সনদ, অতিরিক্ত অর্থ উত্তোলন, অবৈধ নিয়োগ, মিথ্যা তথ্য দিয়ে অর্থ উত্তোলন, স্কেলের অতিরিক্ত অর্থ উত্তোলন ইত্যাদি কারণে আদায়যোগ্য অর্থের পরিমাণ ১৪২,০৭৫,২৭৯/- টাকা মাত্র। অতিরিক্ত উত্তোলিত অর্থ আদায়যোগ্য হিসেবে বিবেচিত হওয়ায় সরকারের নির্দিষ্ট খাতে চালানের মাধ্যমে উক্ত অর্থ ফেরতের সুপারিসহ ক্ষেত্রবিশেষে নিয়োগ বাতিলের সুপারিশ করা হয়েছে। এছাড়া, অভিযুক্ত শিক্ষক/কর্মচারীর বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়েছে।

জমি সংক্রান্ত তথ্য

৪টি বিভাগে ৫২৩টি শিক্ষা প্রতিষ্ঠানে বেহাত হওয়া জমির পরিমাণ মোট ২০৪.৯৩৩১ একর। এ সকল জমি প্রতিষ্ঠানের দখলে এনে মন্ত্রণালয়কে অবহিত করার সুপারিশসহ জমি বেহাত হওয়ার কারণ ব্যাখ্যা করার জন্য প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশনা দেয়া হয়েছে।

## সুপারিশসমূহ:

- ❖ সনাক্তকৃত জাল সনদসমূহ বাতিল ও অর্থ ফেরত;
- ❖ জাল সনদধারী শিক্ষক/কর্মচারীর নিয়োগ বাতিল;
- ❖ অধিক অর্থ উত্তোলনকারীর অর্থ ফেরত;
- ❖ তথ্য গোপন করে অর্থ গ্রহণকারীর অর্থ ফেরত;
- ❖ প্রতিষ্ঠানে বার্ষিক বাজেট পরিকল্পনা ও প্রণয়ন;
- ❖ ক্যাশবই ও বিল ভাউচার সংরক্ষণ;
- ❖ বিধি মোতাবেক সকল ধরণের আয় ও ব্যয় পরিচালনা;
- ❖ স্টক টেকিং ও ষ্টক রেজিস্ট্রার সংরক্ষণ;
- ❖ অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি গঠন;
- ❖ মহিলা কোটা পূরণ (নিয়োগের ক্ষেত্রে);
- ❖ ভবিষ্য তহবিল চালুকরণ;
- ❖ সঠিক পরিমাণ জমি প্রতিষ্ঠানের নামে খারিজকরণ ও নিয়মিত খাজনা পরিশোধ;
- ❖ প্রতিষ্ঠানে এবং প্রতিটি শ্রেণি/শাখায় কাম্য সংখ্যক শিক্ষার্থী/পরীক্ষার্থী সংখ্যা নিশ্চিতকরণ;
- ❖ বোর্ড পরীক্ষার ফলাফলের মান সন্তোষজনক/মানোন্নয়ন;
- ❖ প্রতিষ্ঠানে পাঠাগার চালুকরণ ও নিয়মিত পাঠাভ্যাস অব্যাহত রাখা; এবং১৫
- ❖ শিক্ষক/শিক্ষার্থী জেন্ডার ভেদে সকলের ওয়াশরুমের ব্যবহার সুনিশ্চিতকরণ ও পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা।
- ❖ প্রতিষ্ঠানে নিয়মিত শিক্ষার্থী উপস্থিতি নিশ্চিতকরণ;
- ❖ সাধারণ ও সংরক্ষিত তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করণ।

# উপসংহার

২০২১-২০২২ অর্থবছরে দপ্তর কর্তৃক প্রেরিত **১৮৯১**টি সাধারণ, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিবেদনে বিভিন্ন অনিয়ম পরিলক্ষিত হয়। প্রতিবেদনের অত্যন্ত গুরুত্বপূর্ণ পর্যবেক্ষণ –প্রতিষ্ঠানের জমি বেহাত হওয়া। এ অর্থবছরে পরিদর্শিত প্রতিষ্ঠানসমূহে মোট ৬৩৩.৩৯৩৬ একর জমি বেহাত হয়েছে  এবং প্রতিবেদনে জমি দখলে নেয়ার সুপারিশসহ জমি বেহাত হওয়ার কারণ দর্শানোর জন্য নির্দেশনা দেয়া হয়েছে। সুপারিশ মোতাবেক প্রতিষ্ঠানসমূহ জমি ফেরত পেলে প্রতিষ্ঠানের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন সম্ভব হবে।

এছাড়া, জাল সনদ সনাক্ত হয়েছে মোট ৮৬টি এবং এর বিপরীতে আদায়যোগ্য অর্থের পরিমাণ **১৩,৮৩,৮৫,৫৩৫/-** টাকা (তের কোটি তিরাশি লক্ষ প**চাশি** হাজার পাঁচশত পয়**ত্রিশ** টাকা মাত্র)। জাল সনদ, অবৈধ নিয়োগ, প্রাপ্য স্কেলের অতিরিক্ত বেতন ভাতা উত্তোলন, তথ্য গোপন করে অতিরিক্ত অর্থ উত্তোলন ইত্যাদি কারণে আদায়যোগ্য অর্থের পরিমাণ মোট-**৪৩৫৩৭০১৫৬**/- টাকা **(তেতাল্লিশ** কোটি **তিপ্পান্ন** লক্ষ **সত্তর** হাজার একশত ছাপ্পান্ন টাকা মাত্র)। প্রতিবেদনে আদায়যোগ্য অর্থ সরকারি কোষাগারে চালানের মাধ্যমে জমা প্রদানের সুপারিশ করা হয় এবং অভিযুক্ত শিক্ষক/কর্মচারীর বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়। উক্ত সুপারিশ বাস্তবায়িত হলে ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহে দুর্নীতি এবং শুদ্ধাচার পরিচালিত পূর্বক সুশাসন প্রতিষ্ঠা সহজতর হবে।

উদীয়মান, প্রগতিশীল, গণতান্ত্রিক,  উন্নয়নশীল রাষ্ট্র হিসেবে দেশের সার্বিক উন্নয়নে শিক্ষার গুরুত্ব যেমন অপরিসীম তেমনি ২০৪১ সালের শিল্প বিপ্লবের চ্যালেঞ্জসমূহ মোকাবেলা করে স্মার্ট দেশ গড়তে স্মার্ট শ্রেণিকক্ষ তথা স্মার্ট প্রতিষ্ঠানও অত্যাবশ্যক।

স্মার্ট প্রতিষ্ঠান গড়তে হলে সরকারের বিভিন্ন বিধি-বিধান, নিয়মনীতি মেনে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির মাধ্যমে সেবা সহজীকরণ, তথ্য অধিকার নিশ্চিতকরণ, অভিযোগ প্রতিকার ব্যবস্থা গ্রহণ, নতুন উদ্ভাবিত ধারণার সুষ্ঠু বাস্তবায়ন প্রয়োজন। সর্বোপরি, সুশাসন প্রতিষ্ঠায় নৈতিকতার সদ্ব্যবহার ও শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সকলের সক্রিয় অংশগ্রহণ  এবং নিজ নিজ ভূমিকা পালন নিশ্চিতকরণ একান্ত আবশ্যক।

----------------

# সহায়ক গ্রন্থপুঞ্জী


- মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের আওতাধীন দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২০২২ মন্ত্রী পরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
- Guideline on Monitoring of the NIS Work Plan Implementation, মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
- এপিএ প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২০২২, মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
- ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়ন নির্দেশিকা, মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নীতিমালা, মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
- জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়
- এপিএ ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়
- ২০২১-২২ অর্থবছরের ভ্রমণ আদেশ, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়
- ২০২১-২২ অর্থবছরের প্রেরিত প্রতিবেদন সমূহের তালিকা, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়।


-----------------------

# পরিশিষ্ট